

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৭

১. ইখলাস (كتاب الإخلاص)

পরিচ্ছেদঃ ১) ইখলাস, সত্যবাদিতা ও সৎ নিয়তের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الإخلاص والصدق والنية الصالحة

আরবী

(7) (صحيح لغيره) وَعَنْ الضحاك بن قيس قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يَقُولُ أَنَا خَيْرُ شَرِيكٍ فَمَنْ أَشْرَكَ مَعِى شَرِيكًا فَهُوَ لِشَرِيكِى يَا أَيُّهَا النَّاسُ أَخْلِصُوا أَعْمَالَكُمْ لِلَّهِ عَزَّ وَجَلَّ فَإِنَّ اللَّهَ لاَ يَقْبَلُ إِلاَّ مَا أُخْلِصَ لَهُ وَلاَ تَقُولُوا هَذَا لِلَّهِ وَلِلرَّحِمِ فَإِنَّهَا لِلرَّحِمِ وَلَيْسَ لِلَّهِ مِنْهَا شَيْءٌ وَلاَ تَقُولُوا هَذَا لِلَّهِ وَلِوُجُوهِكُمْ فَإِنَّهَا لِوَجُوهِكُمْ وَلَيْسَ لِلَّهِ مِنْهَا شَيْءٌ وَلاَ تَقُولُوا هَذَا لِلَّهِ وَلِوُجُوهِكُمْ فَإِنَّهَا لِوَجُوهِكُمْ وَلَيْسَ لِلَّهِ مِنْهَا شَيْءٌ وَلاَ تَقُولُوا هَذَا لِلَّهِ وَلِوُجُوهِكُمْ فَإِنَّهَا لِوَجُوهِكُمْ وَلَيْسَ لِلَّهِ مِنْهَا شَيْءٌ وَلاَ تَقُولُوا هَذَا لِللَّهِ وَلِيُحِلُومُ وَلَيْسَ لِلَّهِ مِنْهَا شَيْءٌ وَلاَ البزار بإسناد لا بأس به والبيهقي

বাংলা

৭. (সহীহ্ লি গাইরিহী) যাহ্হাক বিন কায়স (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ

''আল্লাহ্ তাবারাক ওয়া তা'আলা বলেন, আমি উত্তম শরীক। (কোন আমলে) আমার সাথে কেউ যদি শরীক করে তবে উহা আমার শরীকের জন্যেই সাবস্তু হবে। হে লোক সকল! তোমরা একনিষ্ঠভাবে আমল কর। কেননা আল্লাহ্ তাবারাক ওয়া তা'আলা একনিষ্ঠভাবে যা তার জন্যে করা হয় তা ব্যতীত অন্য কোন আমল কবূল করেন না। তোমরা এরূপ বলো না যে, এ আমলটি আল্লাহর জন্যে এবং আত্মীয়ের জন্যে। কেননা উহা আত্মীয়ের জন্যেই সাবস্তু হবে। তাতে আল্লাহর কোন অংশ থাকবে না। তোমরা এরূপ বলো না যে, এ আমলটি আল্লাহর জন্যে এবং তোমাদের সন্তুষ্টির জন্যে। কেননা উহা তোমাদের উদ্দেশ্যেই সাবস্তু হবে। তাতে আল্লাহর কোন অংশ থাকবে না।'[1]

ফুটনোট

[1]. বাযযার হা/৩৫৬৮, বায়হাকী হা/৬৮৩৬ দারাকুতনি/১৩৩, শুআবুল ইমান/৬৪১৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যাহ্হাক বিন ক্বায়স (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন